গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

আইসিটি সেল

রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৮ সালের জানুয়ারি মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি	মোঃ মোফাজ্জেল হোসেন সচিব
সভার তারিখ	৩১.০১.২০১৮ খ্রিস্টাব্দ।
সভার সময়	দুপুর ০২.০০ টা।
স্থান	রেলভবনস্থ ২য় তলার সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১১)
উপস্থিতি	০২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক'।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য মন্ত্রণালয়ের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ মফিজ উদ্দিন-কে আহবান জানান। প্রোগ্রামার গত সভার কার্যবিবরণী সভায় পড়ে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-১৮ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী আজকের এ সভা আহবান করা হয়েছে। সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ৪ নং ক্রমিকের "মন্ত্রণালয়ের বাইরে ৫ দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা" ও ১০ নং ক্রমিকের "মন্ত্রণালয়ে উদ্ভাবন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ আয়োজন" বাস্তবায়নের জন্য যথাক্রমে জুলাই ২০১৭ - নভেম্বর ২০১৭ ও জুলাই ২০১৭ - জুন ২০১৮ তারিখ নির্ধারিত ছিল। দেখা যায় প্রথমোক্ত Target টি (০৫ দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ) নির্ধারিত সময়ে Achieved করা সম্ভব হয়নি। সভাপতি মনে করে কেবল মাত্র অবহেলার জন্য তা করা সম্ভব হয়নি। যা কোন অবস্থায়ই কাম্য নয়। বিষয়সমূহ বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করার বিষয়ে আলোচনা হয়।	ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ৪ নং ক্রমিকের "মন্ত্রণালয়ের বাইরে ৫ দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা" ও ১০ নং ক্রমিকের "মন্ত্রণালয়ে উদ্ভাবন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ আয়োজন" বিষয়সমূহ বাস্তবায়নের জন্য নিম্নোরুপ একটি কমিটি গঠন করা হয়। ১। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় -----আহবায়ক ২। পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে -----সদস্য ৩। রেক্টর, ট্রেনিং ইনস্টিউট, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম --------- সদস্য ৪। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয় ------ সদস্য সচিব কমিটির কার্যপরিধিঃ কমিটি উক্ত ট্রেনিং ০২টি বাস্তবায়নের জন্য ট্রেইনি সংখ্যা, কারা কারা ট্রেইনি হবেন তা নির্ধারণ, বাজেট প্রনয়ণ, সময়সূচী ও স্থান নির্ধারণ করে ২৫ ফেব্রুয়ারি ২০১৮ মাসের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন পেশ করবেন।	১। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়।

০২	ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ৭ নং ক্রমিকের "মন্ত্রণালয়ের উদ্যোগে মাঠ পর্যায়ের উদ্ভাবনী পাইলট উদ্যোগ পর্যালোচনা/শোকেসিং" ৮ নং ক্রমিকের "স্কেলআপ/রেপ্লিকেশনের জন্য মন্ত্রণালয়/অধিদপ্তর/মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ চিহ্নিতকরণ" ও ৯ নং ক্রমিকের "রেপ্লিকেশন সম্পন্ন উদ্ভাবনী পাইলট উদ্যোগের ডকুমেন্টেশন সংরক্ষণ" এর বিষয়ে আলোচনা হয়। কর্মপরিকল্পনা তিনটি জুলাই ২০১৭ - জুন ২০১৮ তারিখের মধ্যে সম্পন্নের জন্য নির্ধারিত আছে।	রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমের এ যাবৎ বাস্তবায়িত সিদ্ধান্তসমূহ আগামী এপ্রিল ২০১৮ মাসে উদ্ভাবনী শোকেসিং করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ২। ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
০৩	ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১১ নং ক্রমিকের "উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাকে প্রণোদনা প্রদান করা (পুরস্কার/ডিও লেটার/স্বীকৃতি ইত্যাদি)" ও ১২ নং ক্রমিকের "উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মন্ত্রণালয়/মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ-কে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ" এর বিষয়ে আলোচনা হয়।	সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য ডিজি, বিআর ও জিআইবিআর কে পুনঃপত্র দিতে হবে এবং মন্ত্রণালয়ের অংশ বাস্তবায়নের জন্য পৃথক নথি উপস্থাপন করতে হবে।	১। ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
০৪	ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১৩ নং ক্রমিকের "উদ্ভাবককে সহায়তা করার জন্য মেন্টরিং" এর বিষয়ে আলোচনা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ বিষয়ে ৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ আনুষ্ঠিতব্য কর্মশালায় প্রদত্ত নির্দেশনা মোতাবেক পরবর্তী সিদ্ধান্ত গৃহীত হয়।	১। ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়।
০৫	সেবা সহজিকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৭ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর নির্দেশনা পর্যালোচনা করা হয়।	অত্র মন্ত্রণালয়ের সেবা সহজিকরণের জন্য সিটিজেন চার্টার ভূক্ত সেবা চিহ্নিত করে সেবা সহজীকরণের ম্যানুয়াল অনুসারে ০২টি সেবা সহজীকরণের বিষয়ে ২৫ ফেব্রুয়ারি ২০১৮ মাসের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করার নিমিত্ত নিম্নোক্ত তিন সদস্য বিশিষ্ঠ একটি কমিটি গঠন করা হয়ঃ ১। যুগ্ম-সচিব (আইন), রেলপথ মন্ত্রণালয়,-------আহবায়ক ২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, রেলপথ মন্ত্রণালয়------সদস্য ৩। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়------সদস্য সচিব	১। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়।

০৬	বাংলাদেশ রেলওয়ের ট্রেন চলাচল সংক্রান্ত তথ্যাদি সহজে, স্বল্পখরচে এবং দ্রুততম সময়ে সর্বসাধারণের কাছে পৌঁছে দেওয়ার জন্য "মোবাইল অ্যাপস" এর বিকল্প হিসাবে রেলওয়ের Hot Line /Call Center ১৩১ এর মাধ্যমে ট্রেনের ভাড়া, ট্রেনের সময়সূচি ইত্যাদিসহ প্রয়োজনীয় তথ্য জনগণকে জানানো যায় কিনা এ বিষয়ে আলোচনা কালে অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), সভায় অবহিত করেন যে, এ বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির কার্যক্রম চলমান রয়েছে।	আগামী ২০/০২/২০১৮ তারিখের মধ্যে কমিটিকে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পেশ করতে হবে।	১। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ২। গঠিত কমিটি
০৭	বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা, ঢাকাবিমানবন্দর, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত wi-fi সেবার মান বৃদ্ধিপূর্বক আরো নতুন করে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্টেশনে wi-fi চালু করার বিষয়ে ইতোপূর্বে QUBEE একটি কর্মপরিকল্পনা দাখিল করেছিল। সভাতে QUBEE এর প্রতিনিধি উপস্থিত হয়ে জানান যে, BTRC ও কাস্টমস হতে যন্ত্রপাতি ক্রয়ের Clerence পেতে অনেক সময় লেগেছে যার কারণে পূর্বের পরিকল্পনা অনুযায়ী কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। তবে তাঁরা নতুন করে একটি কর্মপরিকল্পনা দিতে আগ্রহ প্রকাশ করেছেন।	আগামী সভার পূর্বে QUBEE থেকে সংশোধিত কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক পরবর্তী সভাতে পেশ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৪। QUBEE

০৮	বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনের wi-fi চালু করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে Robi Axiata Ltd. কর্তৃক দাখিলকৃত কর্মপরিকল্পনা পর্যালোচনায় দেখা যায় যে, ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে পাইলট হিসাবে "সোনার বাংলা এক্সপ্রেস" এ wi-fi সেবা চালু এবং বাকী ০৫টি ট্রেনে ২৫শে মার্চ ২০১৮ এর মধ্যে wi-fi সেবা চালু করতে পারবে মর্মে অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ের সিএসটিই/টেলিকম জনান যে, কর্মপরিকল্পানার বাস্তবায়ন নিমিত্ত Robi Axiata Ltd. বিটিআরসি নিকট যন্ত্রপাতি আমদানির জন্য আবেদন করেছেন যার ছাড়পত্র এখনো পাওয়া যায় নাই। ফলে ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে প্রতিশ্রুতি মোতাবেক "সোনার বাংলা এক্সপ্রেস" ট্রেনে wi-fi সেবা চালু করা সম্ভব হয়নি। BTRC এর ছাড়পত্র পেলে দ্রুত তারা কাজ শুরু করবেন এবং ৩১ মে ২০১৮ এর মধ্যে কাজ শেষ করবেন মর্মে জনান।	আগামী সভার পূর্বে Robi Axiata Ltd. থেকে ৩১ মে ২০১৮ তারিখের মধ্যে কাজ সম্পন্ন করার সংশোধিত কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক পরবর্তী সভাতে পেশ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা। ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৪। Robi Axiata Ltd.

০৯	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহারের জন্য পোর্টেবল ইলেক্ট্রনিক মেশিন সিস্টেম (POS Machine) এর মাধ্যমে টিকেট বিক্রি করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে এ বিষয়ে একটি কমিটি গঠন করা হয়। কমিটির আহবায়ক পরিচালক (পরিবহণ), বাংলাদেশ রেলওয়ে জানান যে, POS মেশিন ক্রয় করার জন্য প্রাইভেট পার্টি কর্তৃক আবেদনের প্রক্ষিতে একটি কার্যক্রম উপস্থাপনা হয় এবং কার্যক্রম কিছুটা অগ্রগতি হলেও পরবর্তীতে TSS (টেলিফোন শিল্প সংস্থা) এই বিষয়ে আগ্রহ প্রকাশ করলে সচিব মহোদয়ের সভাপত্বিতে একটি সভা হয়। আর্থিক এবং টেকনিক্যাল বিষয়ে পুরোপুরি সিদ্ধান্ত বা অগ্রগতির জন্য সংস্থাটির উচ্চ পর্যায়ের কর্মকর্তার উপস্থিতিতে আরও একটি সভা অনুষ্ঠিত হবে। TSS হতে সভার তারিখ নির্ধারণ হবে। এ বিষয়ে তাদের সাথে আলোচনা অব্যাহত আছে।	গঠিত কমিটি আগামী সভায় তাঁদের কাজের অগ্রগতি পেশ করবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১০	বাংলাদেশ রেলওয়ের গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে মালামাল বহনের জন্য উন্নতমানের ট্রলির সরবরাহ ও ট্রলির সংখ্যা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে গঠিত কমিটির আহব্বায়ক বাংলাদেশ রেলওয়ের যুগ্ম-মহাপরিচালক (অপারেশন) বলেন যে, রেইনবো এ্যাডভারটাইজিং বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন স্টেশনে নিজস্ব অর্থায়নে যাত্রী ট্রলি প্রদান করে সেবা খাতে নিজেদের ব্যবসা পরিচালনায় আগ্রহী হয়ে প্রস্তাব করলে, সচিব মহোদয় এতে মৌখিক সম্মতি প্রদান করেন। তবে ট্রলি সরবরাহ নিয়ে এখনো চুড়ান্ত ফয়সালা হয়নি এবং আলোচনা অব্যাহত আছে।	গঠিত কমিটি আগামী সভায় তাঁদের কাজের অগ্রগতি পেশ করবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে ৪। রেইনবো

১১	রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সিটিজেন চার্টার রেলভবনের ২য় তলায় পিলারের ওপরে প্রদর্শন করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে গঠিত কমিটির সদস্য ও উপ-সচিব (প্রশাসন), সভাতে জানান যে, ইতোমধ্যে সিটিজেন চার্টার প্রস্তুতপূর্বক এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	প্রস্তুতকৃত সিটিজেন চার্টারের দাপ্তরিক সেবার ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের মতামত প্রদানের তাগিদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ৩। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ৪। সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। ৫। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়।
১২	ইনোভেশন বক্সে প্রাপ্ত আইডিয়া পর্যালোচনায় প্রোগ্রামার জানান যে, ডিসেম্বর ২০১৮ মাসে কোন ইনোভেশন আইডিয়া পাওয়া যায় নাই। তবে লিখিত আইডিয়া ছাড়াও সম্প্রতি রেলওয়ে ফ্যান ক্লাবের সদস্যগণ ও সাধারণ যাত্রীগণ ফেসবুকসহ অন্যান্য সামাজিক মাধ্যমে নতুন নতুন আইডিয়া ও বিভিন্ন বিষয়ে অভিযোগ করে থাকেন। ভবিষ্যতে নতুন কোন আইডিয়া পাওয়া গেলে সেগুলো summarized করে উপস্থাপনের জন্য প্রোগ্রামার-কে অনুরোধ করা হয়।	অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন বক্স, ফেসবুক রেলওয়ে ফ্যানক্লাব ও অন্যান্য সূত্রের সামাজিক মাধ্যমের নতুন কোন আইডিয়া পাওয়া গেলে সেগুলো summarized করে প্রোগ্রামার প্রতি সভায় উপস্থাপন করবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ৩। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৩	অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১৪ নং অনুচ্ছেদের ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ কারিকুলামে ডিজিটাল বাংলাদেশ ও ইনোভেশন সেশন অন্তর্ভূক্ত করার বিষয়ে পূর্বের সভায় উপস্থাপিত খসড়া Module এর উপর ট্রেনিং ইনস্টিটিউটের রেক্টর ও মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের মতামত নিতে হবে।	খসড়া Module টির উপর ডিজি, বিআর এর মাধ্যমে রেক্টর, ট্রেনিং ইনস্টিটিউটের মতামত প্রদানের জন্য পুনঃ তাগিদ দিতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। রেক্টর, বাংলাদেশ রেলওয়ে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০১৫.০৬.০০১.১৭.১৯

তারিখ: ২৬ মাঘ ১৪২৪
০৮ ফেব্রুয়ারি ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২) অতিরিক্ত সচিব, উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৪) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৫) যুগ্মসচিব, আইন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৬) উপসচিব, প্রশাসন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৭) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৮) সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৯) রেক্টর, ট্রেনিং ইনস্টিউট, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।

১০) যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১১) পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১২) পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১৩) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৪) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

মোঃ মফিজ উদ্দিন
প্রোগ্রামার